১৭ আগস্ট, ২০২৫

# দেশকে চরমপন্থি ও মৌলবাদের হাত থেকে রক্ষায় অবাধ নির্বাচনের বিকল্প নেই: তারেক রহমান



সংগৃহীত ছবি

জাতীয় প্রেসক্লাবে এক অনুষ্ঠানে ভার্চুয়ালি যুক্ত হয়ে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বলেছেন, বাংলাদেশ যাতে কখনোই চরমপন্থি ও মৌলবাদের অভয়ারণ্য হয়ে না ওঠে, সে জন্য অবাধ ও সুষ্ঠু নির্বাচনের কোনো বিকল্প নেই। তিনি নাগরিকের ভোটাধিকার, বাকস্বাধীনতা ও জবাবদিহিমূলক রাষ্ট্র প্রতিষ্ঠায় ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান রবিবার (১৭ আগস্ট) জাতীয় প্রেসক্লাবে জাতীয় কবিতা পরিষদের আয়োজিত 'গণতন্ত্র উত্তরণে কবি সাহিত্যকদের ভূমিকা ও করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় ভার্চুয়ালি যুক্ত হয়ে দেশের গণতন্ত্র, মৌলিক অধিকার ও রাষ্ট্রীয় জবাবদিহিতা নিয়ে বক্তব্য রাখেন।

তিনি বলেন,

"বাংলাদেশ যাতে চরমপন্থি ও মৌলবাদের অভয়ারণ্য হয়ে না যায়, সে প্রত্যাশা বিএনপির। এজন্য সবাইকে সোচ্চার হতে হবে।"

তারেক রহমান আরও উল্লেখ করেন, দেশের প্রকৃত মালিক এদেশের নাগরিকরা। তাই মানুষের ভোটাধিকার রক্ষার মাধ্যমেই গণতন্ত্র ও বাকস্বাধীনতা প্রতিষ্ঠা করা সম্ভব। তিনি একটি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের দাবি জানান এবং সেই লক্ষ্যে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান।

তিনি বলেন, "দেশে জবাবদিহিমূলক অবস্থা তৈরি করা সময়ের দাবি। এটি সম্ভব কেবল মানুষের ভোটাধিকার নিশ্চিত করার মাধ্যমে।"

বিতারিত স্বৈরাচারের পুনর্জাগরণ প্রতিহত করতে ঐক্যের ডাক দিয়ে তিনি বলেন, দেশের সার্বভৌমত্ব রক্ষায় সম্মিলিতভাবে কাজ করতে হবে এবং সবার কণ্ঠে ঐক্যের প্রতিধ্বনি উচ্চারিত হতে হবে।